সংবাদ

তারিখ ... 19 AUG 1996
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

ঢাঃ বিঃ ক্যাম্পাস উত্তপ্ত ঃ দুই দল মুখোমুখি

# ছাত্রলীগ কর্মীদের মারপিট রুম ভাঙচুর, লুটপাট

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা।। ছাত্রলীগ করার অপরাধে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হলে গত শনিবার গভীর রাতে ছাত্রদলের সশস্ত্র কর্মীরা হলের কতিপয় ছাত্রকে মারধর করেছে। তারা রুম ভাঙচুর এবং মালামাল লুটপাট করেছে। তারা এসকল ছাত্রদের হল থেকে বের করে দিয়েছে এবং পুনরায় হলে ফিরলে প্রাণনাশের হুমকি দিয়েছে। এ খবর জানতে পেরে ছাত্রলীগের মধ্যেও তীব্র উত্তেজনা দেখা দিয়েছে। গতকাল দু'দলই ক্যাম্পাসে ছিল সশস্ত্র অবস্থায় মুখোমুখি অবস্থানে।

শনিবার রাত ১০টার দিকে ছাত্রদলের একদল সশস্ত্র কর্মী জিয়া হলের যেসমস্ত রুমে ছাত্রলীগ কর্মী বা সমর্থক থাকে সেসব রুমে যায়। তারা পড়তে থাকা বা ঘুমিয়ে থাকা ছাত্রদের ওপর অতর্কিতে হামলা চালায়। লোহার রড, মশারির স্ট্যান্ড দিয়ে বেধড়ক আঘাত করে। অনেককে মেঝেতে ফেলে জুতা দিয়ে মাড়ায় এবং কিলঘুষি মারে।

ছাত্রদলের মারপিটে যেসকল ছাত্র গুরুতর আহত হয় তারা হচ্ছে জসীম, মোস্তফা, মোঃ মুসা খান, শহীদ, বিপ্লব, মেজবা, কামাল। যেসমস্ত রুম ভাঙচুর করেছে সেগুলো হচ্ছে ৪০১, ৪০২, ৪০৩, ৪০৮, ৪০৯, ৪১৯, ৫০৬, ৫১২ ও ৩০৯। ছাত্ররা অভিযোগ করেছে মারধর এবং ভাঙচুর করার সময় ছাত্রদল কর্মীরা এসকল রুম থেকে বিভিন্ন মালামাল লুট করে নিয়ে গেছে।

এসকল ছাত্র জানায়, তারা এখন নিরাপত্তাহীনতায় ভুগছে। তাদেরকে হয় ছাত্রলীগ ছাড়তে হবে অথবা হল ছাড়তে হবে। কারণ ওরা জানিয়েছে, জিয়া হলে থাকতে হলে ছাত্রদল ছাড়া অন্য কিছু করা চলবে না। তারপরও যদি কেউ হলে যায় তাহলে 'জীবনের সাধ' মিটিয়ে দেয়া হবে।

জিয়া হল শাখা ছাত্রলীগ সভাপতি জানান, গতকাল রোববার তিনি হলের প্রভোস্ট এবং উপাচার্যকে ব্যাপারটি অবহিত করেছেন। তারা ব্যাপারটি দেখবেন বলে আশ্বাস দিয়েছেন।

ছাত্রদল কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ের উত্তর পাড়ার হলগুলোতে জাতীয় শোকদিবস পালনে বাধা প্রদান, জাতীয় পতাকা নামিয়ে ফেলা, জিয়া হলে ছাত্রদলের সশস্ত্র সন্ত্রাসী দ্বারা ছাত্রদের প্রহার, রুম ভাঙচুর এবং হল থেকে বের করে দেয়ার প্রতিবাদের ছাত্রলীগ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল রোববার ক্যাম্পাসে মিছিল ও সমাবেশ করেছে।

মিছিলসহ ক্যাম্পাস প্রদক্ষিণশেষে কলা ভবনের সামনে সমাবেশে বক্তৃতা করেন। আবু সাঈদ আল মাহমুদ স্বপন, শাহজাহান আলম সাজু ও বাহাদুর বেপারী।